56

দৈনিক ইনকিলাব

তারিখ ...27 DEC 1998... ...
পৃঃ ৩ কলাম ৭

# রাজশাহী ভার্সিটির প্রথম বর্ষ ভর্তি কোটায় ৪শ' আসন কমানো হচ্ছে

রাঃ বিঃ রিপোর্টার ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এবার প্রথম বর্ষে ভর্তির আসন সংখ্যা হ্রাস পাচ্ছে। ফলে ছাত্র-ছাত্রীদের ভর্তির সুযোগ কমে যাচ্ছে। ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার সুযোগও হ্রাস পাচ্ছে।

১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ হতে বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্সে প্রায় ৪শ' আসন কমানো হচ্ছে বলে সূত্র জানায়। এরফলে বিভিন্ন কোটায় প্রায় ৩ হাজার ১শ' ছাত্র-ছাত্রীর স্থলে এবার সাড়ে ২৬শ' বা ২৭শ' ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাবে। সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় প্রশাসন মৌখিকভাবে বিভিন্ন বিভাগে আসন সংখ্যা হ্রাস করার সুপারিশ করার জন্য বলেছে। এরই ফলস্বরূপ বিভাগসমূহ কম শিক্ষার্থী ভর্তির সুপারিশ করেছে। যা আসন্ন একাডেমিক কাউন্সিলের সভায় পাস করে চূড়ান্ত করা হবে। প্রশাসনের একটি সূত্র জানায়, প্রতিটি বিভাগের আসন সংখ্যা ১শ'র কম করার সিদ্ধান্ত আছে। তারই অংশ হিসেবে কমানো হচ্ছে। এদিকে, ১শ' বা তারও কম আসন বিশিষ্ট বিভাগেও আসন কমানো হচ্ছে। আইন ও সমাজকর্ম বিভাগ তারই উদাহরণ। সমাজকর্ম বিভাগে ৮০ হতে কমিয়ে ৭০ করার প্রস্তাব করা হচ্ছে। এ নিয়ে শিক্ষকদের মধ্যে বিরূপ প্রভাব পড়েছে। অনেক শিক্ষক এর বিরুদ্ধে নোট অব ডিসেন্ট দিয়েছেন। শিক্ষক ও ছাত্ররা আসন কমানোকে শিক্ষা সংকোচন নীতি হিসেবে আখ্যায়িত করে বলেছে, প্রিভিয়াস ও কলেজের ঝামেলা শেষ। তার উপর শিক্ষক সংখ্যা আগের তুলনায় অনেক বেশী। এ অবস্থায় আসন সংখ্যা কমানো শিক্ষা সংকোচন নীতিরই বহিঃপ্রকাশ। তারা বলেন, দেশে একদিকে, শিক্ষার হার বৃদ্ধি ও ভর্তি সমস্যা প্রকট হচ্ছে। ঢাকাসহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে আসন বাড়ানো হচ্ছে। সেখানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আসন কমিয়ে ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে।